



## ঢাকা বিশ্ববিদ্যালয়

### বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: ফিন্যান্স বিভাগে ০১ (এক) টি স্থায়ী সহযোগী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

বেতন স্কেল যথাক্রমে ৫০,০০০-৭১,২০০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

শিক্ষাগত যোগ্যতা: প্রার্থীকে অবশ্যই ফিন্যান্স বিষয়ে উচ্চতর যোগ্যতার অধিকারী হইতে হইবে। তাঁহাদের পিএইচ.ডি কিংবা সমমানের ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। বিশ্ববিদ্যালয় অথবা কোন উচ্চ গবেষণা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে তাঁহাদের কমপক্ষে ০৭ (সাত) বৎসরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকিতে হইবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক প্রবন্ধ থাকিতে হইবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত ১৩.১০.২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০-এর নিকট পৌছাইতে হইবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করিতে হইবে।